

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকায় প্রকৌশল শিক্ষার উপর “কোয়ালিটি এসুরেঞ্জ ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রো অ্যাক্রেডিটেশন”
আন্তর্জাতিক সিম্পোজিয়াম-এর উদ্বোধনী অনুষ্ঠান


ঢাকা

১৩, মার্চ ২০১৯;

আজ বোর্ড অব অ্যাক্রেডিটেশন ফর ইঞ্জিনিয়ারিং এ্যান্ড টেকনিক্যাল এডুকেশন, ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ আয়োজিত “কোয়ালিটি এসুরেঞ্জ ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রো অ্যাক্রেডিটেশন” আন্তর্জাতিক সিম্পোজিয়াম এর উদ্বোধনী অনুষ্ঠান হোটেল র্যাডিসন ব্লু, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান উপস্থিত ছিলেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশে এর প্রেসিডেন্ট ইঞ্জি. মোঃ আব্দুস সবুর।

মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যেতে হবে। আমাদের দেশকে একটি উন্নত দেশে উন্নীত করা বাংলাদেশ সরকারের মূল লক্ষ্য। এই লক্ষ্য অর্জনের জন্য পর্যাপ্ত সংখ্যক দক্ষ প্রকৌশলীর প্রয়োজন যারা তাদের মেধা, জ্ঞান, দক্ষতা এবং মননশৈলী দ্বারা আমাদের ভবিষ্যৎ অবকাঠামো নির্মাণ, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করবে। আন্তর্জাতিক, স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল কারিগরি মূল্যায়ন ও পর্যালোচনা করে বিশেষজ্ঞ মতামত ও গ্রহণ করে সে অনুযায়ী দেশের অবকাঠামো নির্মাণের কাজ সুষ্ঠুভাবে কাজ করে যাওয়া নির্দেশন প্রদান করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। উক্ত অনুষ্ঠানে ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স এর বাংলাদেশের প্রকৌশল বিশ্ববিদ্যালয় সমূহের শিক্ষকবৃন্দ, উচ্চ পদস্থ সরকারি কর্মকর্তাসহ প্রকৌশলবৃন্দ, সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, অস্ট্রেলিয়া, চীন, জাপান, সিঙ্গাপুর, হংকং, মালয়েশিয়া, নেপাল এবং তুরস্কের প্রকৌশল শিক্ষাবিদগণ উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd royv047@gmail.com